সংবাদ

তারিখ 08 MAR 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

# সমস্যাভিত্তিক প্রকল্প গ্রহণের ওপর জোর দিলেন শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের উন্নয়নে সমস্যাভিত্তিক প্রকল্প গ্রহণের ওপর জোর দিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নিজেদের জ্ঞান, দক্ষতা দিয়ে বিভিন্ন সমস্যা সমাধান করতে হবে। বিশ্বায়নের এ যুগে টিকে থাকতে হলে বিশ্বমানের জ্ঞান দক্ষতা অর্জনের বিকল্প নেই।

মন্ত্রী গতকাল ঢাকায় ব্যানবেইস মিলনায়তনে ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের সমাপনী অনুষ্ঠানে বক্তৃতায় এ কথা বলেন। অনুষ্ঠানে ২০১৪-১৫ সালে ইউনেস্কো অর্থায়নে বাস্তবায়িত ৫টি প্রকল্পের ওপর উপস্থাপন প্রদান করা হয়। অনুষ্ঠানে শিক্ষা সচিব সোহরাব হোসাইন, ঢাকায় ইউনেস্কো কার্যালয়ের প্রোগ্রাম স্পেশালিষ্ট কিচি ইয়াসো এবং ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মনজুর রহমান বক্তৃতা করেন।

ইউনেস্কোর এক কোটি টাকা সহায়তায় বাস্তবায়িত ৫টি প্রকল্পের মধ্যে রয়েছে- কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ ম্যানুয়েল প্রকাশ, বেসরকারি কলেজের গ্রন্থগারিকদের প্রশিক্ষণ, রাজধানীর অদূরে সাভারে বংশী নদী রক্ষায় শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ, পালা গানের মাধ্যমে সুনামগঞ্জে নারীর অধিকার রক্ষা আন্দোলন এবং লোক সংগীত শিল্পী আব্দুল আলীমের জীবন ও কর্মের ওপর গবেষণা।

শিক্ষামন্ত্রী সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় বিশ্বসংস্থা ইউনেস্কোর উদ্যোগের প্রশংসা করে বলেন, মুক্ত আকাশ সংস্কৃতির এ যুগে নিজস্ব সংস্কৃতি বেশি বেশি চর্চার মাধ্যমেই নতুন প্রজন্মকে অপসংস্কৃতির আগ্রাসন থেকে রক্ষা করা সম্ভব। শিক্ষামন্ত্রীর সঙ্গে দক্ষিণ কোরীয় রাষ্ট্রদূতের সাক্ষাৎ :

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে গতকাল তাঁর মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত দক্ষিণ কোরীয় রাষ্ট্রদূত অং সিউয়েন ডো সাক্ষাৎ করেন। শিক্ষা সচিব সোহরাব হোসাইন উপস্থিত ছিলেন।